গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী পরিচালকের কার্যালয়
পাট অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
দিনাজপুর ।

১। অবস্থান ও পটভূমি:

দিনাজপুর জেলার পৌরসভা এলাকায় উত্তর বালুবাড়ীতে মহারাজাগিরিজানাথের স্কুলের সামনে জাকির হোসেন সাহেবের তিনতলা বিল্ডিং এর নীচতলায় সহকারী পরিচালক ও মুখ্য পরিদর্শক,পাট অধিদপ্তর,বস্ত্র ও পাট মন্ত্রণালয় এর কার্যালয়টি অবস্থিত । এ অফিসের নিজস্ব কোন ভবন নাই । ভাড়া করা ভবনে অফিসের কার্যক্রম চলমান । সহকারী পরিচালক কার্যালয়টিমুখ্যপরিদর্শক,দিনাজপুর,ঠাকুরগাঁও,পঞ্চগড়,জয়পুর হাট ও বগুড়া জেলা নিয়ে কার্যক্রম পরিচালিত এবং মুখ্য পরিদর্শক,দিনাজপুর কার্যালয়টি দিনাজপুর জেলার ১৩টি উপজেলা নিয়ে কার্যক্রম পরিচালিত । ১৯৯২ সালে পাট পরিদপ্তর থেকে প্রশাসনিক পুন:বিন্যাসের মাধ্যমে পাট অধিদপ্তর প্রতিষ্ঠিত হয় । পাট অধিদপ্তরের ১০টি প্রশাসনিক অঞ্চলের মধ্যে একটি দিনাজপুর অঞ্চল এবং অধীনস্থ ৫টি জেলা,দিনাজপুর,ঠাকুরগাঁও,পঞ্চগড়,জয়পুর হাট ও বগুড়া ।অঞ্চলে সহকারী পরিচালকগন অফিস প্রধান এবং জেলা পর্যায়ে মুখ্য পরিদর্শকগন অফিস প্রধান । মুলত পাট ব্যবসা নিয়ন্ত্রন,লাইসেন্স,রাজস্ব আদায়,আমদানী,রপ্তানী , মাঠ পর্যায়ে উৎপাদন পাট সংক্রান্ত তথ্য সংগ্রহ,পন্যে পাটজাত মোড়কের বাধ্যতামুলক ব্যবহার আইন-২০১০এবং বিধিমালা,২০১৩ এর আওতায় ১৯টি পন্যে পলিথিন/পস্নাষ্টিক এর পরিবর্তে পাটের মোড়কের ব্যবহারের মাধ্যমে পরিবেশের ভারসাম্য রক্ষা করা,পাট উৎপাদন,পাট পন্যের আভ্যন্তরীন ব্যবহার বৃদ্ধি করে স্থানীয় পর্যায়ে স্বল্প-মেয়াদী, মধ্যম-মেয়াদী ও দীঘ-মেয়াদী পরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে প্রতিযোগিতা মুলক,টেকসই একটি শক্তিশালী পাটখাত সৃষ্টি করা । পাট উৎপাদন ও পাটবীজ উৎপাদন কার্যক্রম একটি উন্নয়ন প্রকল্প দীঘদিন যাবৎ পাট অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীনে আছে ।

২। সহকারী পরিচালক পাট অধিদপ্তর দিনাজপুর কার্যালয়ের কার্যাবলী:

- আঞ্চলিক পর্যায়ে প্রশাসনিক ও নিয়ন্ত্রণমুলক কর্মকান্ড করা-
- পাট আইন-২০১৭ এ প্রয়োগ ও বাস্তবায়ন-
- পাট ও পাটজাত পন্যের লাইসেন্স প্রদান ও নবায়ন-
- পাট ও পাটপন্য উৎপাদন,বাজারজাতকরণ,রপস্থানী ও রপ্তানী আয়ের যাবতীয় তথ্যাদি সংগ্রহ,যাচাই ও সমন্বিত প্রতিবেদন প্রস্তুতকরণ-
- জাতীয় পাটনীতি ২০১০ বাস্তবায়ন-
- পন্যে পাটজাত মোড়কের বাধ্যতামুলক ব্যবহার আইন-২০১০ এবং বিধিমালা ২০১৩ প্রয়োগ ও বাস্তবায়ন-
- স্থানীয় পর্যায়ে টেকসই উন্নয়ন পরিকল্পনা প্রনয়ণ ও বাস্তবায়ন-
- প্রকল্পের আওতাভুক্ত ৫টি জেলার ২৫টি উপজেলায় নির্বাচিত পাটচাষীগনকে প্রনোদনা হিসাবে বীজ,সার,কীটনাশক,কৃষি যন্ত্রপাতি,প্রশিক্ষন প্রদানে সহযোগিতা করা-

৩। জনবল:

| ক্রমিক নং | পদের নাম | মঞ্জুরীকৃত পদ | কর্মরত পদ | শূন্য পদ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | সহকারী পরিচালক | ১ | ১ | -- |
| ০২ | সহকারী পরিদর্শক | ২ | নাই | ২ |
| ০৩ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ১ | ১ | -- |
| ০৪ | অফিস সহায়ক | ১ | ১ | -- |
| ০৫ | নিরাপত্তা প্রহরী | ১ | নাই | ১ |